

২২৫

দৈনিক ইনকিলাব

তারিখ ... ০৪. JAN. ১৯৯৪ ...  
পৃষ্ঠা ৭ কলাম ... ৫

গোল টেবিল বৈঠক

চাকরির বাজারে দেশের

প্রচলিত শিক্ষা পদ্ধতি তেমন

কাজে লাগছে না

স্টাফ রিপোর্টার : 'বাংলাদেশে শিক্ষা পদ্ধতি চাকরি বাজারে উপেক্ষিত ও গণমাধ্যমের ভূমিকা' শীর্ষক এক গোল টেবিল বৈঠকে গতকাল বিশিষ্ট বক্তাগণ দেশে কারিগরি শিক্ষা বাড়ানোর প্রতি গুরুত্বারোপ করে বলেছেন, বর্তমানে দেশে ও বিদেশে যে চাকরি বাজার সৃষ্টি হয়েছে তাতে বাংলাদেশের প্রচলিত শিক্ষা পদ্ধতি তেমন কাজে লাগছে না। বক্তাগণ বলেন, কারিগরি শিক্ষা ব্যবস্থার প্রবর্তন, বাজেট বৃদ্ধি, কৃষি শিক্ষা ও কম্পিউটার শিক্ষা ইত্যাদি অনেক বিষয়কে রাজনৈতিক বিতর্কের উর্ধ্বে রাখতে হবে এবং

১১-এর পৃঃ ১-এর কঃ দেখুন

গোলটেবিল বৈঠক

প্রথম পৃষ্ঠার পর

কারিগরি শিক্ষাকে এগিয়ে নিতে হবে। দেশের অর্থনৈতিক উন্নয়নে কারিগরি শিক্ষার কোন বিকল্প নেই। তারা বলেন, যে শিক্ষা দেশের বাস্তব উন্নয়ন কর্মকাণ্ডে কাজে লাগবে ও বিদেশে দক্ষ জনশক্তি রফতানীতে সহায়ক- এমন কারিগরি শিক্ষার জন্য অর্থ বরাদ্দ বৃদ্ধি করতে হবে। বক্তাগণ এজন্য সামাজিক শিক্ষা ব্যবস্থার পরিবর্তন আনয়নে সরকারীভাবে পরিকল্পনা প্রণয়ন করার আহ্বান জানান। তারা বলেন, রাজনৈতিক বা আমলাতান্ত্রিক যে কারণেই হোক দেশে কারিগরি শিক্ষা অবহেলিত। কারিগরি শিক্ষার উন্নয়নে দেশের রাজনৈতিক নেতা, প্রকৌশলী, বুদ্ধিজীবী, শিক্ষাসহ সকল পেশার মানুষকে এগিয়ে আসতে হবে বলে বক্তাগণ অভিমত ব্যক্ত করেন।

ঢাকা রিপোর্টার্স ইউনিটি ও ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ যৌথভাবে গতকাল সিরডাপ মিলনায়তনে এই গোলটেবিল বৈঠকের আয়োজন করে। সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ডঃ ওয়াহিদ উদ্দিন মাহমুদের সভাপতিত্বে অনুষ্ঠিত এই বৈঠকে আলোচনায় অংশ নেন বিএনপি নেতা সাবেক মন্ত্রী ডঃ আবদুল মঈন খান, বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক রাশেদ খান মেনন, প্রফেসর জিল্লুর রহমান সিদ্দিকী, সাবেক মন্ত্রী শেখ শহীদুল ইসলাম, ডঃ ফরাস উদ্দিন, বিশিষ্ট সাংবাদিক মাহফুজ আনাম, কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক আবদুর রফিক, ডঃ আহমদ উল্লাহ, আমির খসরু, শ্যামল সরকার, ডঃ কাজী ফারুক আহমেদ প্রমুখ। স্বাগত ভাষণ দেন আইডিবি'র সভাপতি রফিকুল ইসলাম ভূঞা ও ধন্যবাদ জ্ঞাপন করেন ঢাকা রিপোর্টার্স ইউনিটের সভাপতি আজমল হোসেন খাদেম। গোল টেবিল বৈঠকে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সাংবাদিক মোরশেদ আলী খান।